

আনান্সি এবং জ্ঞান

Anansi and Wisdom

- Ghanaian folktale
- **ℰ** Wiehan de Jager
- Asma Afreen
- **ul** 3
- 💬 বাংলা [bn] / English [en]



দীর্ঘদিন আগে মানুষ কিছুই জানত না। তারা জানত না যে ফসল কিভাবে রোপণ করতে হয়, বা কাপড় কিভাবে বুনতে হয়, কিংবা লোহার সরঞ্জাম কিভাবে তৈরি করতে হয়। আকাশে নিয়াম দেব এর কাছে সমগ্র বিশ্বের জ্ঞান ছিল। তিনি একটি কাদামাটির পাত্রে এটি নিরাপদে রেখেছিলেন।

. . .

Long long ago people didn't know anything. They didn't know how to plant crops, or how to weave cloth, or how to make iron tools. The god Nyame up in the sky had all the wisdom of the world. He kept it safe in a clay pot.



একদিন নিয়াম সিদ্ধান্ত নিলেন যে তিনি আনান্সিকে জ্ঞানের পাত্রটি দিবেন। প্রত্যেক সময় আনান্সি কাদামাটির পাত্রে তাকালে তিনি নতুন কিছু শিখতেন। এটি অনেক উত্তেজনাপূর্ণ ছিল।

. . .

One day, Nyame decided that he would give the pot of wisdom to Anansi. Every time Anansi looked in the clay pot, he learned something new. It was so exciting!



লোভী আনান্সি ভাবল, "আমি একটি লম্বা বৃক্ষের উপড়ে পাত্রটি নিরাপদে রাখব। তাহলে এটি সম্পূর্ণ আমার হবে!" তিনি একটি দীর্ঘ সুতা দিয়ে মাটির পাত্রটির চারপাশে ঘুরিয়ে নিজের পেটের সাথে বাঁধলেন। তিনি গাছ চড়তে শুরু করলেন। কিন্তু পাত্রটি সবসময় তার হাঁটুতে আঘাত করার কারণে গাছে চড়তে অনেক অসুবিধা হচ্ছিল।

. . .

Greedy Anansi thought, "I'll keep the pot safe at the top of a tall tree. Then I can have it all to myself!" He spun a long thread, wound it round the clay pot, and tied it to his stomach. He began to climb the tree. But it was hard climbing the tree with the pot bumping him in the knees all the time.



আনান্সির ছোট ছেলে গাছের নিচে দাঁড়িয়ে সব দেখছিল। সে বলল, "পাত্রটি তোমার পিঠে বাঁধলে কি তোমার চড়তে সুবিধা হতো না? আনান্সি জ্ঞানে ভরা মাটির পাত্রটি তার পিঠে বেঁধে চেষ্টা করে দেখলেন, এবং এটি সত্যিই অনেক সহজ হল।

. . .

All the time Anansi's young son had been standing at the bottom of the tree watching. He said, "Wouldn't it be easier to climb if you tied the pot to your back instead?" Anansi tried tying the clay pot full of wisdom to his back, and it really was a lot easier.



তৎক্ষণাৎ তিনি গাছের উপর পৌঁছালেন। কিন্তু তারপর তিনি থামলেন এবং ভাবলেন, "আমার কাছেইতো সব জ্ঞান থাকার কথা, আর সেখানে কিনা আমার ছেলে আমার থেকে বেশি বুদ্ধিমান!" আনান্সি এতটাই রেগে গেলেন যে তিনি গাছ থেকে মাটির পাত্রটি নিচে ছুঁড়ে ফেলে দিলেন।

. . .


In no time he reached the top of the tree. But then he stopped and thought, "I'm supposed to be the one with all the wisdom, and here my son was cleverer than me!" Anansi was so angry about this that he threw the clay pot down out of the tree.



এটি মাটিতে পড়ে টুকরো টুকরো হয়ে গেল। জ্ঞান সবার মাঝে উন্মুক্ত হয়ে গেল ভাগ করে নেওয়ার জন্য। এবং এভাবেই মানুষ কৃষিকাজ করতে, বস্ত্র বুনন করতে, লোহার সরঞ্জাম বানাতে এবং অন্য যা কিছু মানুষ পারে তা করতে শিখল।

. . .


It smashed into pieces on the ground. The wisdom was free for everyone to share. And that is how people learned to farm, to weave cloth, to make iron tools, and all the other things that people know how to do.



globalstorybooks.net

আনান্সি এবং জ্ঞান

Anansi and Wisdom



& Wiehan de Jager

Asma Afreen (bn)

